গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান

এবং

সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র


| সেকশনসমূহ | পৃষ্ঠা নং |
|---|---|
| বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৩-৪ |
| প্রস্তাবনা | ৫ |
| সেকশন ১: বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী | ৬ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৭ |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৮-৯ |
| স্বাক্ষরের পাতা | ১০ |

# বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of BIDS)

### বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-এর সাম্প্রতিক অর্জনসমূহ:

উন্নয়নের গতিপ্রকৃতি বিশ্লেষণ ও ভবিষ্যৎ দিক নির্দেশনার জন্য গবেষণার বিকল্প নেই। মহান মুক্তিযুদ্ধের পর পরই প্রতিষ্ঠানটি Bangladesh Institute of Development Economics (BIDE) নামে বাংলাদেশে যাত্রা শুরু করে। স্বাধীনতা পরবর্তী সময়ে সরকারের উন্নয়ন পরিকল্পনায় সহায়তার জন্য ১৯৭৪ সালে পাশকৃত আইনের মাধ্যমে এই প্রতিষ্ঠান পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে একটি স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি লাভ করে। প্রতিষ্ঠানটি বাংলাদেশের উন্নয়ন সমস্যা ও অনুন্নয়নের কারণ অনুসন্ধান এবং আর্থ-সামাজিক নীতি নির্ধারণ বিষয়ক স্বাধীন গবেষণা কার্য পরিচালনা করে থাকে। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) উন্নয়ন গবেষণায় একটি উৎকৃষ্ট কেন্দ্র হিসেবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সুখ্যাতি অর্জন করেছে।

২০১৩ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত বিশ্বের পাঁচ হাজারের অধিক আন্তর্জাতিক থিঙ্ক ট্যাংকের উপর পরিচালিত জরিপে বিআইডিএস বিশ্বের প্রথম ৩০টি থিঙ্ক ট্যাংকের মধ্যে জায়গা করে নেয় এবং দক্ষিণ এশিয়ার মধ্যে প্রথম স্থান লাভ করেছে। গ্লোবাল গো টু থিংক ট্যাংক ইন্ডেক্স ২০১৪, শীর্ষক প্রতিবেদনে আবারও সেরা ১০০ এর মধ্যে বিআইডিএস ৯৭তম স্থান অর্জন করে। পেনসিলভেনিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উল্লেখ করেছে, মানসম্পন্ন গবেষণা তৈরি, গবেষণার বৈচিত্র্য, জার্নাল প্রকাশ, সঠিক নেতৃত্বসহ নানা কারণে গতবারের ন্যায় এবারও আন্তর্জাতিক গবেষণায় শীর্ষ ১০০তে অবস্থান করেছে বিআইডিএস। এছাড়াও দক্ষিণ এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের গবেষণা প্রতিষ্ঠানগুলোর মধ্যে বিআইডিএস এর অবস্থান ১৭তম।

**এছাড়াও-**

ষষ্ঠ পঞ্চ বার্ষিক পরিকল্পনা সংক্রান্ত নীতি প্রণয়ন করে পরিকল্পনা কমিশনের অর্থায়নে ব্যাক গ্রাউন্ড স্টাডি প্রস্তুত করা হয়েছে। যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভিশন ২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করবে।

গত তিন বছরে বিআইডিএস ৬৩টি গবেষণা সমীক্ষা সম্পন্ন করেছে। পাশপাশি বিআইডিএস থেকে ইংরেজী জার্নালের ১২টি ও বাংলা জার্নালের ৩টি সংখ্যা, ৩৯টি সমীক্ষা (রিসার্চ রিপোর্ট, রিসার্চ মনোগ্রাফ, সমীক্ষা প্রতিবেদন, বই ও নিউজ লেটার) প্রকাশিত হয়েছে। গবেষণালব্ধ জ্ঞান বিস্তারের জন্য প্রকাশনার পাশাপাশি বিআইডিএস ৩০টি সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা আয়োজন করেছে। এছাড়াও সরকারের বিভিন্ন নীতি নির্ধারণী কমিটিতে বিআইডিএস এর গবেষকরা বিশেষজ্ঞ মতামত প্রদান করেছেন, যার মধ্যে উল্লেখযোগ্য হল সর্বশেষ বেতন কমিশন।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

১. প্রয়োজনীয় জনবলের অভাব।

২. প্রশিক্ষণের অভাব।

## ভবিষ্যৎ পরিকল্পনাসমূহ:

১. স্নাতকোত্তর পর্যায়ে একাডেমিক কার্যক্রম পরিচালনা করা;
২. নিজস্ব অর্থায়নে নীতি নির্ধারণী গবেষণা পরিচালনা;
৩. গবেষণা ফলাফল জার্নাল, পুস্তক নিউজ লেটার ও সেমিনার/সিম্পোজিয়ামের মাধ্যমে প্রকাশ করা;
৪. সরকারী বিভিন্ন নীতি প্রণয়ন কমিটিতে বিশেষজ্ঞ হিসেবে মতামত প্রদান।

## ২০১৫-১৬ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

বিআইডিএস ২১টি গবেষণা সমীক্ষা সম্পাদন করবে। পাশাপাশি গবেষণালব্ধ জ্ঞান প্রকাশের জন্য ইংরেজী জার্নালের ৪টি সংখ্যা এবং বাংলা জার্নালের ১টি সংখ্যা, ১৬টি সমীক্ষা (রিসার্চ রিপোর্ট, রিসার্চ মনোগ্রাফ, সমীক্ষা প্রতিবেদন, বই ও নিউজ লেটার) প্রকাশ করবে। এছাড়াও ১০টি জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালার আয়োজন করবে। তাছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়ের গঠিত নীতি নির্ধারণী কমিটিতে বিশেষজ্ঞ মতামত প্রদানের জন্য বিআইডিএস এর গবেষকরা অংশ নিবেন।

# উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান এর মহাপরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পরিকল্পনা বিভাগ- এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের.....২৬.......তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক স্বাক্ষরিত হল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

## বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান এর-রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের লক্ষ্যে কার্যকর গবেষণা, উন্নয়ন নীতি ও কৌশল

### ১.২ অভিলক্ষ্য (Mission):

উন্নয়ন অর্থনীতি ও অন্যান্য সামাজিক বিজ্ঞান এবং প্রাসঙ্গিক বিষয়ে অনুসন্ধান, গবেষণা পরিচালনা ও জ্ঞান বিস্তার

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১ প্রকাশনা, সেমিনার, আলোচনার আয়োজন করা;

২ জাতীয় উন্নয়ন, সামাজিক কল্যাণ ও সমস্যাদি সম্পর্কিত জরিপ, পরীক্ষা-নিরীক্ষা পরিচালনা করা।

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

৩. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন

৬. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions):

১. আর্থ-সামাজিক উন্নয়ন বিষয়ে পরিকল্পনা, নীতি, ও কৌশল প্রণয়নে গবেষণা সহায়তা প্রদান;

২. গৃহীত পরিকল্পনা, নীতি, ও কৌশলের কার্যকারিতার মূল্যায়নের জন্য অনুসন্ধানী গবেষণা পরিচালনা;

৩. জার্নাল প্রকাশনা;

৪. গবেষণালব্ধ ফলাফল প্রকাশের নিমিত্তে সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালার আয়োজন;

৫. সরকারি বিভিন্ন নীতি নির্ধারণী কমিটিতে কৌশলগত বিশেষজ্ঞ মতামত প্রদান।

## সেকশন ২

### বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | ভিত্তিবছর ২০১৩-১৪ | প্রকৃত* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রক্ষেপণ (Projection) | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র [source(s) of data] |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | |
| আর্থ সামাজিক উন্নয়ন | গবেষণা সমীক্ষা সম্পাদন | সংখ্যা | ২১ | ২২ | ২২ | ২২ | ২৩ | সকল মন্ত্রণালয়/বিভাগ | বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান |
| | রিপোর্ট/জার্নাল প্রকাশ | সংখ্যা | ৫ | ৫ | ৫ | ৫ | ৫ | - | বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান |
| | রিসার্চ রিপোর্ট/রিসার্চ মনোগ্রাফ/সম্পাদিত বই/সমীক্ষা প্রতিবেদন/ নিউজলেটার | সংখ্যা | ৭ | ৮ | ৯ | ৯ | ১০ | - | বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান |
| | জাতীয়/আন্তর্জাতিক জার্নাল/বইয়ে গবেষকদের প্রবন্ধ প্রকাশ | সংখ্যা | ৬ | ৬ | ৭ | ৭ | ৭ | - | বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান |
| | সেমিনার/সিম্পোজিয়াম/ কর্মশালার আয়োজন | সংখ্যা | ১০ | ১০ | ১১ | ১১ | ১২ | সকল মন্ত্রণালয়/বিভাগ | বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান |
| | নীতি নির্ধারণী কমিটিতে কৌশলগত বিশেষজ্ঞ মতামত প্রদান | % | ৯০% | ৯২% | ৯৫% | ৯৫% | ৯৫% | সকল মন্ত্রণালয়/বিভাগ | বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যস মূহের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রমসমূহ (Activities) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | ভিত্তিবছর (Base Year)২০১৩-১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-১৬ Target/Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৬-১৭ | প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| (১) প্রকাশনা, সেমিনার, আলোচনার আয়োজন করা। | ৫৫.০০ | ১.১ সমীক্ষা প্রবন্ধ | ১.১.১ জার্নাল প্রকাশ | সংখ্যা | ২৫.০০ | ৫ | ৫ | ৫ | - | - | - | - | ৫ | ৫ |
| | | | ১.১.২ রিসার্চ রিপোর্ট/রিসার্চ মনোগ্রাফ/সম্পাদিত বই/সমীক্ষা প্রতিবেদন, নিউজলেটার | সংখ্যা | ১০.০০ | ৭ | ৮ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ৯ | ১০ |
| | | | ১.১.৩ জাতীয় আন্তর্জাতিক জার্নাল/পত্রিকা/বইয়ে গবেষকদের প্রবন্ধ প্রকাশ | সংখ্যা | ৫.০০ | ৬ | ৬ | ৭ | ৬ | ৫ | ৫ | ৪ | ৭ | ৭ |
| | | ১.২ গবেষণালব্ধ ফলাফল প্রকাশের নিমিত্তে সেমিনার/ সিম্পোজিয়াম/কর্মশালার আয়োজন | ১.২.১ সেমিনার/ সিম্পোজিয়াম/ কর্মশালার আয়োজন | সংখ্যা | ১০.০০ | ১০ | ১১ | ১১ | ১০ | ৯ | ৮ | ৭ | ১২ | ১৩ |
| | | ১.৩ সরকারি বিভিন্ন নীতি নির্ধারণী কমিটিতে কৌশলগত বিশেষজ্ঞ মতামত প্রদান | ১.৩.১ নীতি নির্ধারণী কমিটিতে কৌশলগত বিশেষজ্ঞ মতামত | % | ৫.০০ | ৯০% | ৯২% | ৯৫% | ৯০% | ৮৫% | ৮০% | ৭৫% | ৯৫% | ৯৫% |
| (২) জাতীয় উন্নয়ন, সামাজিক কল্যাণ ও সমস্যাদি সম্পর্কিত জরিপ, পরীক্ষা-নিরীক্ষা পরিচালনা করা। | ৩০.০০ | ২.১ আর্থ-সামাজিক উন্নয়ন বিষয়ে পরিকল্পনা, নীতি, ও কৌশল প্রণয়নে গবেষণা সহায়তা প্রদান এবং অনুসন্ধানী গবেষণা পরিচালনা | ২.১.১ গবেষণা সমীক্ষা সম্পাদন | সংখ্যা | ৩০.০০ | ২১ | ২২ | ২২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ২২ | ২৩ |

# বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্ম সম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৫/১৬ (Target Value-2015/16) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময় সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ৩১ আগস্ট | ০১ সেপ্টেম্বর | ০২ সেপ্টেম্বর | ০৩ সেপ্টেম্বর | ০৪ সেপ্টেম্বর |
| | | মন্ত্রণালয়ের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| | | | জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দশিকা প্রণয়ন | তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৫ নভেম্বর | ১২ নভেম্বর | ১৯ নভেম্বর | ২৬ নভেম্বর |
| | | প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তরের সকল দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়বসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ২৯ অক্টোবর | ০৫ নভেম্বর | ১২ নভেম্বর | ১৯ নভেম্বর | ২৬ নভেম্বর |
| | | প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তিত ফরম্যাটে সিটিজেনস চার্টার প্রণয়ন | পরিবর্তিত ফরম্যাটে সিটিজেনস চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৫ নভেম্বর | ১২ নভেম্বর | ১৯ নভেম্বর | ২৬ নভেম্বর |
| | | | সিটিজেনস চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| | | | কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |

আমি, মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান এর প্রধান হিসেবে মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি সচিব, পরিকল্পনা বিভাগ পরিকল্পনা মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পরিকল্পনা বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রীর প্রতিনিধি হিসাবে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান এর মহাপরিচালক-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-কে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

..........................

মহাপরিচালক
বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান

তারিখ 13.10.15

..........................

সচিব
পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

তারিখ ১৩.১০.২০১৫.